

# Prime Minister's Interaction with the Indian Community in Copenhagen

May 03, 2022

---

## প্রধানমন্ত্রী কোপেনহেগেনে ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে আলাপচারিতায় অংশ নিয়েছেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ডেনমার্কের প্রধানমন্ত্রী শ্রীমতী মেট ফ্রেডেরিকসন-এর সঙ্গে কোপেনহেগেনের বেলা সেন্টারে ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে আলাপচারিতায় অংশ নেন এবং বক্তৃতা দেন। কোপেনহেগেনে বসবাসরত ছাত্র, গবেষক, পেশাদার এবং ব্যবসায়ী প্রতিনিধি সহ ভারতীয় সম্প্রদায়ের এক হাজার জনেরও বেশি সদস্য এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

ডেনমার্ক বসবাসরত ভারতীয়দের প্রতি প্রধানমন্ত্রী ফ্রেডেরিকসন-এর আন্তরিকতা ও সম্মান দেখানোর জন্য শ্রী মোদী তাঁর উচ্ছ্বসিত প্রশংসা করেন। সবুজায়নের জন্য উদ্ভাবনী সমাধান খুঁজে বের করতে উভয় দেশ একসঙ্গে কাজ করতে পারে বলেও জোর দেন তিনি। শ্রী মোদী ডেনমার্ক ভারতীয় সম্প্রদায়ের ইতিবাচক ভূমিকার প্রশংসা করেন। তিনি ভারতের আর্থিক সম্ভাবনার প্রসঙ্গ তুলে ধরেন এবং ভারত ও ডেনমার্ক একযোগে কাজ করার আহ্বান জানান।

**কোপেনহেগেন**  
**মে 03, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.